গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত-১ অধিশাখা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৮২

তারিখ: ২৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রজ্ঞাপন

সাধারণ আবেদনে জেলা ও উপজেলা থেকে জলমহাল ইজারা প্রাপ্তির লক্ষ্যে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। জলমহাল ইজারা জন্য অনলাইনে আবেদন দাখিলের বিধান প্রবর্তন করার পরিপ্রেক্ষিতে জেলা এবং উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪২৯ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calender Year) মধ্যে নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

(ক) জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একরের ঊর্ধ্বে বদ্ধ সরকারি জলমহাল ব্যবস্থাপনার সিডিউল:

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ১০ থেকে ১৫ ফাল্গুনের মধ্যে | অনলাইনে আবেদন দাখিল। |
| ২. | ১৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল। |
| ৩. | ২৫ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৪. | ৩০ ফাল্গুনের মধ্যে | জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৫. | ০৫ চৈত্রের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিভাগীয় কমিশনার কর্তৃক অনুমোদন। |
| ৬. | ১০ চৈত্রের মধ্যে | জেলা প্রশাসক কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৭. | ১৫ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান। |
| ৮. | ২৫ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ৯. | ১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

(খ) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনার সিডিউল:

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ১০ থেকে ১৫ ফাল্গুনের মধ্যে | অনলাইনে আবেদন দাখিল। |
| ২. | ১৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ৩. | ২৫ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৪. | ৩০ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন। |
| ৫. | ০৫ চৈত্রের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৬. | ১০ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৭. | ১৫ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান। |
| ৮. | ২৫ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ৯. | ১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

৩। বর্ণিত সিডিউল অনুযায়ী জেলা ও উপজেলা থেকে সাধারণ আবেদনে জলমহালের ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১০/২/২২
মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ
সচিব
ভূমি মন্ত্রণালয়।

"মুজিববর্ষে শতভাগ ডিজিটাল ভূমিসেবা ২০২০"-এ ভূমি মন্ত্রণালয়ের সূচিত

Online Application Letter-3